তারিখ ... 19 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৬ ...

সংবাদ

# ৮৪৮ শিক্ষাপ্রতিষ্ঠানে শতভাগ পাস

নিজস্ব বার্তা পরিবেশক

চলতি বছরের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষায় এবার শতভাগ শিক্ষার্থী পাসের প্রতিষ্ঠানের সংখ্যা ৮৪৮টি। অন্যদিকে, ২৫টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে কোন শিক্ষার্থী পাস করতে পারেনি। গতবছর শতভাগ শিক্ষার্থী পাসের প্রতিষ্ঠান ছিল এক হাজার ১৩৩টি। আর 'কেউ পাস করেনি' এমন শিক্ষাপ্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৩৫টি। হিসাব অনুযায়ী গত বছরের তুলনায় এ বছর শতভাগ শিক্ষার্থী পাসের প্রতিষ্ঠান কমেছে ২৮৫টি। 'কেউ পাস করেনি' এমন শিক্ষাপ্রতিষ্ঠান কমেছে ১০টি।

ঢাকা বোর্ডের ৪৩টি শিক্ষাপ্রতিষ্ঠানে সবাই পাস করেছে। সবাই ফেল করেছে তিনটি শিক্ষা প্রতিষ্ঠানে। রাজশাহীতে এ সংখ্যা যথাক্রমে ১৮ ও ৮টি, যশোরে ১৩ ও একটি, দিনাজপুরে ১১টি ও ৮টি, মাদ্রাসা বোর্ডে ৫৮৫ ও পাঁচটি। কুমিল্লা, চট্টগ্রাম, বরিশাল, সিলেট ও কারিগরি বোর্ডে সবাই ফেল করেছে এমন শিক্ষা প্রতিষ্ঠান নেই। কুমিল্লায় ৮টি, চট্টগ্রামে পাঁচটি, বরিশালে দুইটি, সিলেটে পাঁচটি, কারিগরি বোর্ডে ১৫৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের সবাই পাস করেছে।

গতকাল শিক্ষা মন্ত্রণালয়ে এক সংবাদ সম্মেলনে এই তথ্য জানান শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল চলতি বছরের উচ্চ মাধ্যমিক (এইচএসসি) ও সমমানের পরীক্ষার ফল প্রকাশিত হয়। সংবাদ সম্মেলনে জানানো হয়, এ বছর আটটি শতভাগ : পৃষ্ঠা : ১৫ ক : ৪

## শতভাগ : পাস

(১ম পৃষ্ঠার পর)

সাধারণ বোর্ড, মাদ্রাসা এবং কারিগরি বোর্ডের অধীনে ৮ হাজার ৩৪৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের মোট ১২ লাখ ১৮ হাজার ৬২৮ জন শিক্ষার্থী এ বছর এইচএসসি ও সমমানের পরীক্ষায় অংশ নেয়।